**AKASHVANI(AIR)**

**RNU:KOLKATA**

**BengaliText Bulletin**

**Date 18-01-2026 Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ হুগলীর সিঙ্গুরে ৮৩০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

শ্রী মোদী ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে এ রাজ্য থেকে তিনটি অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রা সূচনা করবেন।

২) এসআইআর চলাকালীন আইনশৃঙ্খলা রক্ষায় ব্যবস্থা নিতে অনুরোধ জানিয়ে নির্বাচন কমিশন, রাজ্য সরকারকে চিঠি দিয়েছে।

৩) মুর্শিদাবাদের বেলডাঙ্গায় হিংসার প্রেক্ষিতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, রাজ্যপালের হস্তক্ষেপ চেয়েছেন।

৪) মুর্শিদাবাদের তিন পরিযায়ী শ্রমিকের তামিলনাড়ুর নীলগিড়ি জেলায় এক আবাসন নির্মাণের কাজ চলাকালীন দেওয়াল চাপা পড়ে মৃত্যু হয়েছে।

৫) ন্যাশানাল টেস্টিং এজেন্সি ইঞ্জিনিয়ারিং জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার প্রথম পর্বের অ্যাডমিট কার্ড প্রকাশ করেছে।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সরকার পশ্চিমবঙ্গের উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি আজ রাজ্য সফরের দ্বিতীয় পর্যায়ে হুগলির সিঙ্গুরে ৮৩০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে উল্লেখযোগ্য বালাগড়ে এক্সটেন্ডেড পোর্ট গেট সিস্টেম ও অভ্যন্তরীণ জলপথ টার্মিনালের ভিত্তিপ্রস্তর স্থাপন। প্রায় ৯০০ একর এলাকায় গড়ে ওঠা এই প্রকল্প কলকাতার উপর থেকে ভারী পণ্য পরিবহণের চাপ কমাতে সাহায্য করবে।

এছাড়াও কলকাতায় রাজ্যের জন্য নির্মিত বৈদ্যুতিক ক্যাটামারান জলযানও উদ্বোধন করবেন তিনি। বাঁকুড়ার ময়নাপুর-জয়রামবাটি নতুন রেললাইন ও একাধিক অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনাও রয়েছে তাঁর কর্মসূচিতে। এগুলির মধ্যে রয়েছে – হাওড়া – আনন্দবিহার টার্মিনাল, শিয়ালদহ – বেনারস ও সাঁতরাগাছি – তাম্বারাম অমৃত ভারত এক্সপ্রেস।

সরকারী প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসের পর প্রধানমন্ত্রী একটি দলীয় জনসভায় ভাষণ দেবেন। এরপর তাঁর দিল্লী ফিরে যাবার কথা।

------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে এরাজ্যে থেকে তিনটি অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রার শুভ সূচনা করবেন। ট্রেনগুলি হলো সাঁতরাগাছি - তাম্বারাম, হাওড়া - আনন্দ বিহার এবং শিয়ালদা - বেনারস অমৃত ভারত এক্সপ্রেস। এর পাশাপাশি প্রধান মন্ত্রী জয়রাম বাটি ও ময়না পুরের মধ্যে ১৫ কিলোমিটার দীর্ঘ একটি নতুন রেল লাইনের উদ্বোধন করবেন এবং জয়রাম বাটি - ময়নাপুর রুটে একটি নতুন ট্রেন পরিষেবার শুভ সূচনা করবেন বলে রেল সূত্রের খবর।

------------------------

দুটি অমৃতভারত ট্রেনের স্টপেজ পেল বর্ধমান জংশন। গতকাল প্রধানমন্ত্রী মালদা থেকে একাধিক অমৃতভারত ট্রেনের উদ্বোধন করেন। বন্দে ভারতের আদলে নতুন দূরপাল্লার ট্রেনগুলিতে যাত্রী স্বাচ্ছন্দ্যের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এর মধ্যে বালুরঘাট এসএমভিটি বেঙ্গালুরু এক্সপ্রেস গতকাল বালুরঘাট থেকে যাত্রা শুরু করে রাত ৯ টায় বর্ধমান স্টেশনে পৌঁছায়। বর্ধমান স্টেশনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ট্রেনটি স্টেশনে ঢোকার সঙ্গে সঙ্গে বিজেপি কর্মী সমর্থকরা ঢাক বাজিয়ে চালক ও কর্মীদের স্বাগত জানান।

উপস্থিত ছিলেন বিজেপির বর্ধমান সাংগঠনিক জেলা সভাপতি অভিজিৎ তা সহ দলের কর্মী সমর্থকরা। নিউজলপাইগুড়ি-তিরুচেরাপল্লী গামী অমৃত ভারতের ওপর আর একটি ট্রেনও গতকাল রাতে বর্ধমান স্টেশনে দাঁড়ায়।

-----------------------

এস আই আর চলাকালীন বেলডাঙায় সাম্প্রতিক অশান্তির ঘটনায় উদ্বিগ্ন নির্বাচন কমিশন আইন শৃঙ্খলা রক্ষায় আরো যত্নবান হতে অনুরোধ জানিয়ে রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব, ডিজিপি এবং সব জেলাশাসকের কাছে চিঠি পাঠানো হয়েছে।

চিঠিতে বলা হয়েছে, এসআইআর চলাকালীন রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা তাঁদের দায়িত্ব। কোনও এলাকায় হিয়ারিং কেন্দ্র ঘিরে যাতে পুনরায় অশান্তির ঘটনা না ঘটে, সে দিকেও বিশেষ নজর দিতে বলা হয়েছে। পাশাপাশি জেলার জেলাশাসকদেরও সতর্ক থাকতে নির্দেশ দেওয়া হয়েছে।কমিশনের নির্দেশে চলতি বছরের ৫ জানুয়ারি থেকে প্রতি সপ্তাহে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি-সহ সামগ্রিক রিপোর্ট পাঠাতে হচ্ছে সিইও দপ্তরকে। প্রথম সপ্তাহের রিপোর্টে চম্পাহাটির বাজি

কারখানায় বিস্ফোরণ এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কনভয়ে হামলার ঘটনা উল্লেখ করা হয়েছিল। দ্বিতীয় সপ্তাহে বেলডাঙার অশান্তির বিস্তারিত রিপোর্ট পাঠানো হচ্ছে।

------------------------

SIR পর্বে ফর্ম–সেভেন জমা ও যাচাই প্রক্রিয়া নিয়ে তৈরি হওয়া বিতর্কের মধ্যেই নির্বাচন কমিশন এবিষয়ে স্পষ্ট ব্যাখ্যা দিয়েছে। কমিশনের তরফে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে পাঠানো একটি চিঠিতে জানানো হয়েছে, চলতি বিশেষ নিবিড় সংশোধনী চলাকালীন কোনও বিধানসভা কেন্দ্রের ভোটার অন্য কেন্দ্রের ভোটারদের নাম বাদ দেওয়ার আবেদন করতে পারবেন না। সংশ্লিষ্ট কেন্দ্রের ভোটারই শুধু ফর্ম–৭ জমা দিতে পারবেন বলে স্পষ্ট করেছে কমিশন।

------------------------

সকাল থেকেই এস আই আর হায়রানির অভিযোগ তুলে রাস্তা অবরোধ করা হয়েছে উত্তর ২৪ পরগণার অশোকনগরের শ্রীকৃষ্ণপুরে। নিকটবর্তী আমড়াগাছি গ্রামে এদিন শতাধিক মানুষ রাস্তায় টায়ার জ্বালিয়ে এসআইআরের প্রতিবাদে প্রায় আড়াই ঘণ্টা রাস্তা অবরোধ করেন। তাদের অভিযোগ, গ্রামের চল্লিশ শতাংশ মানুষকে এসআইআর শুনানীতে ডাকা হয়েছে। শুনানি হচ্ছে হাবরা ২ নং বিডিও অফিসে যা তাদের বাড়ি থেকে ১৫ থেকে ১৬ কিলোমিটার। গ্রামবাসীদের দাবি বিডিও অফিসের কর্মীরা গ্রামে এসে শুনানি করুক। প্রায় আড়াই ঘণ্টা অবরোধ চলার পরে অশোকনগর থানার পুলিশের আশ্বাস পেয়ে অবরোধ তুলে নেন গ্রামবাসীরা।

------------------------

মুর্শিদাবাদের বেলডাঙ্গায় হিংসার প্রেক্ষিতে এ রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোসকে হস্তক্ষেপের অনুরোধ জানিয়েছেন। এ ঘটনাকে ভয়াবহ এবং আইন শৃংখলা পরিস্থিতির অবনতি বলে উল্লেখ করে অবিলম্বে রাজ্যপালের হস্তক্ষেপ দাবি করেছেন তিনি। পাশাপাশি ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ নম্বর ধারা প্রয়োগ ও বেলডাঙ্গাতে কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী মোতায়নের ও দাবি জানিয়েছেন শুভেন্দু বাবু। বেলডাঙ্গায় লাগাতার হিন্দু সম্প্রদায়ের মানুষজনের উপর হিংসার রেকর্ড রয়েছে বলে উল্লেখ করে তিনি এ ব্যাপারে উচ্চ সতর্কতা মূলক ব্যবস্থা গ্রহণেরও দাবি তুলেছেন। বেসরকারি টিভি চ্যানেলের সাংবাদিকদের আক্রান্ত হওয়ার কথাও চিঠিতে উল্লেখ করা হয়েছে। রাজ্য সরকার হিংসা রোধে উপযুক্ত ব্যবস্থা নিচ্ছে না বলে তিন পাতার ওই চিঠিতে অভিযোগ করেছেন বিরোধী দলনেতা।

-------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫শে জানুয়ারি আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

-------------------------

তামিলনাড়ুর নীলগিরি জেলায় টাউন পঞ্চায়েত এলাকার একটি আবাসন নির্মাণস্থলে খননকাজ চলাকালে হঠাৎ বালির ঢিবি ও রিটেইনিং ওয়ালের অংশ ভেঙে চাপা পড়ে মুর্শিদাবাদের সুতির তিন পরিযায়ী শ্রমিকের মৃত্যু হয়েছে। এরা হলেন আব্দুল রহমান, নাসির ও উসমান। ২২ থেকে ৩৬ বছরের এই শ্রমিকদের বাড়ি সুতিতে। তাদের দেহ ফেরানোর জন্য প্রশাসনের কাছে আবেদন করেছে পরিবারের লোকেরা।

------------------------

উত্তর ২৪ পরগনার বারাসাতে নিপা ভাইরাসে আক্রান্ত দুইজন স্বাস্থ্য কর্মীর সংস্পর্শে আসা ১৭৩ জনের নমুনা পরীক্ষার রিপোর্ট নেগেটিভ এসেছে বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে জজানা গিয়েছে।

অন্যদিকে তাদের সংস্পর্শে আসা একজন পুরুষ স্বাস্থ্যকর্মী নিপা সংক্রমনে সংক্রমিত হলেও বর্তমানে তার শারীরিক অবস্থার উন্নতি হয়েছে বলে জানা গিয়েছে।

------------------------

ভারতের মহাকাশ গবেষণা সংগঠন ইসরো চন্দ্রযান ফোর এবং চন্দ্রযান ফাইভ অভিযানের প্রস্তুতি নিচ্ছে। কলকাতায় গতকাল আইআইটি খড়্গাপুরের উদ্যোগে ইম্প্যাক্ট রাইস ২০২৬ কমক্লেভ অনুষ্ঠানে ইসরোর চেয়ারম্যান ডক্টর ভি নারায়ণন বলেন, ইসরো মঙ্গল অভিযানের জন্য মার্স ল্যান্ডার মিশনেরও প্রস্তুতি নিচ্ছে। পাশাপাশি চলতি বছরে অথবা আগামী বছর মহাকাশে মহাকাশচারীদের পাঠানো হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এছাড়া আগামী দু-তিন বছরে মহাকাশে পাঠানো স্যাটেলাইটের সংখ্যা আরো তিন গুণ করা হবে বলে ডক্টর নারায়ণন জানিয়েছেন। সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে তিনি বলেন,পিএসএলভির ব্যর্থতার কারণ তারা খতিয়ে দেখছেন।

------------------------

জলপাইগুড়িতে গতকাল হাইকোর্টের স্থায়ী সার্কিট বেঞ্চের উদ্বোধন হয়েছে। ভারতের প্রধান বিচারপতি সূর্যকান্ত ছাড়াও উপস্থিত ছিলেন কলকাতা হাই কোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, কেন্দ্রীয় আইন মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, কলকাতা হাই কোর্টের বিশিষ্ট বিচারপতিরা।

সাংবাদিকদের কাছে কেন্দ্রীয় আইনমন্ত্রী জানান বিচার ব্যবস্থাকে আরও বেশি করে সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ জলপাইগুড়িতে চালু হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

------------------------

উত্তর ২৪ পরগনার মছলন্দপুরে অবৈধভাবে ভরা গ্যাস সিলিন্ডার থেকে ফাঁকা সিলিন্ডারের গ্যাস রিফিলিং করে চড়া দামে বাজারে বিক্রির অভিযোগে দোকান মালিককে গ্রেপ্তার করেছে পুলিশ। গত শনিবার রাতে গ্যাস ভর্তি বা রিফিল করার সময় একটি সিলিন্ডারে আগুন লাগে। আশেপাশের দোকানদার ছুটে এসে আগুন নিভিয়ে বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পায় দোকানগুলি।

এই ঘটনায় জড়িত থাকার দায়ে পুলিশ আরও এক মহিলা কর্মচারীর খোঁজ চালাচ্ছে। বড় তিনটি এবং ছোট দুটি গ্যাস সিলিন্ডার বাজেয়াপ্ত করা হয়েছে। ধৃত অসিত সাধুখাঁ-কে বারাসত আদালতে পাঠানো হয়েছে।

------------------------

পানাগড় সেনা ছাউনির সামনে ১৯ নং জাতীয় সড়কে বিরুডিহায় কাঁকসার গোপালপুর থেকে পানাগড় শিল্প তালুকে যাওয়ার পথে আজ সকালে একটি গ্যাস সিলিন্ডার বোঝাই ট্রেলারে থাকা ক্যাপসূল থেকে গ্যাস লিক করায় এলাকায় আতঙ্ক ছড়ায়। ট্যাঙ্কারটিকে জাতীয় সড়কের উপর দাঁড় করিয়ে চালক ও খালাসি নেমে যায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় কা্কসা থানার পুলিশ। দমকলের কর্মীরা গোটা এলাকা ঘিরে ফেলে। জাতীয় সড়কে কলকাতাগামী লেনে যান চলাচল বন্ধ করে দেওয়া হয়। সকাল আটটা থেকে ১০ টা পর্যন্ত জাতীয় সড়কে কলকাতাগামী লেনে যান চলাচল বন্ধ থাকে।

গ্যাস সংস্থার আধিকারিকরা ঘটনাস্থলে গিয়ে মেরামতি করে ট্যাংকারটিকে গন্তব্যের উদ্দেশ্যে পাঠালে যানচলাচল স্বাভাবিক হয়।

------------------------

মুর্শিদাবাদের রঘুনাথ গঞ্জে গতকাল রাতে দুজন বাংলাদেশী অনুপ্রবেশ কারী কে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ জানায় ধৃতরা কোনো বৈধ কাগজ পত্র দেখাতে পারেনি।ধৃতরা বাংলাদেশের চাঁপাই নবাবগঞ্জের বাসিন্দা। আজ তাদের আদালতে তোলা হবে।

------------------------

ন্যাশনাল টেস্টিং এজেন্সি এনটিএ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার প্রথম পর্বের অ্যাডমিট কার্ড প্রকাশ করেছে। চলতি মাসের ২১ এবং ২৪ তারিখ বি.ই. বা বি.টেকের প্রথম পত্রে অংশগ্রহণকারী প্রার্থীরা এনটিএ-এর অফিসিয়াল ওয়েবসাইট, jeemain.nta.nic.in-এ গিয়ে তাদের অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন।

পরীক্ষা দুটি শিফটে অনুষ্ঠিত হবে। সকালের শিফট সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে, আর বিকেলের শিফট চলবে বিকেল ৩টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত। এনটিএ আরও জানিয়েছে যে, এই মাসের ২৮ এবং ২৯ তারিখে বি.ই. বা বি.টেকের প্রথম পত্র, বি.আর্কের দ্বিতীয় পত্র এবং বি.প্ল্যানিংয়ের দ্বিতীয় পত্রে অংশগ্রহণকারী প্রার্থীদের অ্যাডমিট কার্ড শীঘ্রই প্রকাশ করা হবে।

------------------------

সারা রাজ্যেই আগামী দু-দিন শীতের আমেজ অব্যাহত থাকবে। শুষ্ক আবহাওয়া আগামী সাত দিনই রাজ্যজুড়েই বজায় থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

তবে মঙ্গলবার থেকে সর্বনিম্ন তাপমাত্রা দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিক থেকে যা দেড় ডিগ্রী কম। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৩ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকার সম্ভাবনা।

------------------------ ------------------------